গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,নগরকান্দা, ফরিদপুর,
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির ফেব্রুয়ারী/২৩মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ মঈনুল হক
তারিখঃ ১৫-০৩-২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল- ১০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর ।

সভাপতি অংশগ্রহনকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুরকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার কার্যপত্র অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|
| ১।**সার পরিস্থিতি** পর্যালোচনাঃ সদস্য সচিব, সভাকে জানান যে, মার্চ মাসে ৫৬৪ মে. টন ইউরিয়া, ৮৭ মে. টন টিএসপি , ২৫৭ মে. টন ডিএপি , ৭৯ মে. টন এমওপি সার নগরকান্দা উপজেলায় বরাদ্দ পাওয়া গিয়েছে। এসব সার ০৯ টি ইউনিয়নে ও ০১ টি পৌরসভা বিসিআইসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা,ফরিদপুর । |
| ২। **সারের উপ বরাদ্দ চাহিদাঃ** সদস্য সচিব সভাকে জানান যে, খরিপ-১ মৌসুমে ১২৩০০ হে. জমিতে পাট সহ মোট ১২৭৩৩ হে. জমিতে ফসল আবাদ হবে । আবাদী জমির চাহিদার ভিত্তিতে ৩৫৬৬ মে.টন ইউরিয়া, ১২১১ মে. টন ডিএপি এবং ১৩৩৯ মে. টন এমওপি সার প্রয়োজন। মার্চ ও এপ্রিল এই দুই মাস মিলিয়ে অত্র উপজেলায় বরাদ্দ রয়েছে ৮০৯ মে. টন ইউরিয়া, ৫৪২ মে. টন টিএসপি/ডিএপি এবং ১৫১ মে. টন এমওপি সার। এমতাবস্থায় সারের উপবরাদ্দ প্রয়োজন হতে পারে। | পরিস্থিতি বিবেচনা করে ১৫০০ মে. টন ইউরিয়া, ১০০০ মে. টন ডিএপি এবং ১০০০ মে. টন এমপি সার উপ বরাদ্দ চেয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা,ফরিদপুর। |
| ৩। **খুচরা সার বিক্রেতা আবেদনঃ** সদস্য সচিব সভাকে জানান যে, মোঃ কামাল হোসেন, পিতাঃ আঃ মজিদ মাতুব্বর, গ্রামঃ তালেশ্বর, ওয়ার্ড নং ০২, ইউনিয়নঃ তালমা। সে খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন ও পরিচয়পত্র পাওয়ার জন্য ইউনিয়ন কৃষি কমিটির সুপারিশ সহ আবেদন করেছেন । তার আবেদন পত্রটি যাচাই বাছাই পূর্বক দেখা গেছে যে, মোঃ কামাল হোসেন কে গত ফেব্রুয়ারী/২৩ মাসের সভায় বাতিলকৃত খুচরা সার বিক্রেতা জনাব বাবুল মাতুব্বরের স্থানে স্থলাভিষিক্ত করে অনুমোদন ও পরিচয় পত্র দেয়া যেতে পারে ।<br><br>** একইভাবে মোঃ চাঁন মিয়া, পিতাঃ মৃত মতি মিয়া, গ্রামঃ গোয়ালদী, ওয়ার্ড নং-০৬, ইউনিয়নঃ পুরাপাড়া। সে খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন ও পরিচয়পত্র পাওয়ার জন্য ইউনিয়ন কৃষি কমিটির সুপারিশ সহ আবেদন করেছেন । তার আবেদন পত্রটি যাচাই বাছাই পূর্বক দেখা গেছে যে, মোঃ চাঁন মিয়া কে গত ফেব্রুয়ারী/২৩ মাসের সভায় বাতিলকৃত খুচরা সার বিক্রেতা জনাব জামাল হোসেনের স্থানে স্থলাভিষিক্ত করে অনুমোদন ও পরিচয় পত্র দেয়া যেতে পারে । | সভায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে মোঃ কামাল হোসেন, পিতাঃ আঃ মজিদ মাতুব্বর, গ্রামঃ তালেশ্বর, ওয়ার্ড নং ০২, ইউনিয়নঃ তালমা এবং মোঃ চাঁন মিয়া, পিতাঃ মৃত মতি মিয়া, গ্রামঃ গোয়ালদী, ওয়ার্ড নং-০৬, ইউনিয়নঃ পুরাপাড়া কে খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন ও খুচরা সার বিক্রেতা পরিচয় পত্র প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর। |

| | | |
|---|---|---|
| ** জনাব জলিল মাতুব্বর, পিতাঃ আঃ তোতা মাতুব্বর, গ্রামঃ বাশাগাড়ী, ইউনিয়নঃ ডাংগী।তিনি ০৫ নং ওয়ার্ডের একজন খুচরা সার বিক্রেতা। তার খুচরা সার বিক্রেতা আইডি কার্ডটি হারিয়ে গিয়েছে মর্মে থানায় জিডি করেছে এবং কার্ডটি পাওয়ার জন্য আবেদন করেছে। তার জিডি নং ২৯৮ ও তারিখঃ০৭-০৩-২৩ খ্রিঃ।কাগজপত্র যাচাই বাছাই করে দেখা গেছে যে, কাগজপত্র সঠিক রয়েছে। তাকে ডুপ্লিকেট খুচরা সার বিক্রেতা আইডি কার্ড দেয়া যেতে পারে। | সর্বসম্মতিক্রমে তাকে নতুন ডুপ্লিকেট খুচরা সার বিক্রেতা আইডি কার্ড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪। **বিএডিসির বীজ ডিলারঃ** সদস্য সচিব সভাকে জানান যে , বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল বিএডিসির বীজ ডিলার গনকে নোটিশ প্রদান করা হয়েছে এবং তারা কেউ কেউ জবাব দিয়েছে। বীজ ডিলারবৃন্দ বিএডিসি থেকে বীজ উত্তোলনের পর উপজেলায় আগমণী বার্তা প্রদান করেন না। এছাড়া সসস্য সচিব সভাকে জানান যে বিএডিসির বীজ ডিলার নিয়োগের ক্ষেত্রে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশ নেয়া হয় না । এতে বীজ ডিলার মনিটরিং করতে অসুবিধা হচ্ছে।<br><br>আলোচনায় পুরাপাড়া ইউনিয়নের চেয়ারম্যান সাহেব সভাকে বলেন যে, প্রণোদনায় যে পেয়াঁজ বীজ দেয়া হয়েছে তা চাষ করে কৃষক ক্ষতির সম্মুখীন হয়েছেন। বীজের মান খারাপ ছিল। ঠিকমত গজায়নী এবং জাত বারি পেয়াঁজ-১ নয়। | এ বিষয়ে বীজ ডিলারদের বীজের আগমণী বার্তা প্রদানের কপি ব্যতিত বীজ সরবরাহ না দেয়া এবং বীজ ডিলার নিয়োগে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশ নেয়ার জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এ বিষয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর। |
| ৫। বিবিধঃ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য এবং চলমান খরিপ-১ মৌসুমে পাটের বীজ সহ অন্যান্য বীজের মান নিয়ন্ত্রণে নজরদারি বৃদ্ধি ও মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন । | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে । | সভাপতি/সদস্য সচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৫/০৩/২৩

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা কৃষিঅফিসারেরকার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩.১৯২

তারিখ ঃ ১৫/০৩/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয় )-

১. মাননীয় সংসদ সদস্য ফরিদপুর-২।

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৩. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর

৪. উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, নগরকান্দা, ফরিদপুর

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা, নগরকান্দা।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি।

১১. ইউপি চেয়ারম্যান ( সকল )।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি।

১৪. সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেসক্লাব/মডেল প্রেসক্লাব, নগরকান্দা।

(তিলোক কুমার ঘোষ )
উপজেলা কৃষিঅফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

১৫-০৩-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা –

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ মনিরুজ্জামান সরদার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মিয়া মোঃ আরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ মুকুল মৃধা | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ আতাউর রহমান | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, পুড়াপাড়া | স্বাক্ষরিত |
| ৭ | খন্দকার জাকির হোসেন নিলু | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কোদালিয়া শহীদনগর | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |